



বিষয় : জেলা মানবিক সহায়তা ও দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী।
সভাপতি : মোহাম্মদ সাইদুল আরীফ
জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
স্থান : জেলা প্রশাসকের সম্মেলনকক্ষ, কুড়িগ্রাম।
তারিখ : ১৮/১২/২০২২ খ্রিঃ, সময়ঃ- সকাল-১০.৩০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট “ক”)

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জানান, কুড়িগ্রাম জেলা ০৯টি উপজেলায় ৭৩টি ইউনিয়ন ও ০৩টি পৌরসভা নিয়ে গঠিত। জেলাটি উত্তরবঙ্গের একটি দারিদ্র্যপীড়িত ও ১৬টি নদী ও চরবেষ্টিত একটি জেলা। এছাড়া, কুড়িগ্রাম জেলা একটি শীতপ্রবন এলাকা। ইতোমধ্যে এ জেলায় শীত অনুভূত হচ্ছে। প্রতিবছরের ন্যায় এবারও আসন্ন শীত মৌসুমে কুড়িগ্রাম অঞ্চলে শীতের তীব্রতা বেশি হওয়ার আশংকা রয়েছে। ইতোমধ্যে মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ ভান্ডার হতে ৩৮,০০০ পিস কম্বল বরাদ্দ পাওয়া গিয়েছে। যা ০৯টি উপজেলায় নিম্নরূপভাবে উপবরাদ্দ প্রদান করা হয়েছেঃ-


ক্রঃ নং	উপজেলা/পৌরসভার নাম	ইউনিয়ন/ পৌরসভার সংখ্যা	কম্বল উপ-বরাদ্দের পরিমাণ (পিস)	মন্তব্য
১	ভুরুঙ্গামারী	১০	৫০০০	
২	নাগেশ্বরী	১৫	৭৫০০	পৌরসভাসহ
৩	ফুলবাড়ী	০৬	৩০০০	
৪	কুড়িগ্রাম সদর	০৯	৪৫০০	পৌরসভাসহ
৫	রাজারহাট	০৭	৩৫০০	
৬	উলিপুর	১৪	৭০০০	পৌরসভাসহ
৭	চিলমারী	০৬	৩০০০	
৮	রৌমারী	০৬	৩০০০	
৯	চর রাজিবপুর	০৩	১৫০০	
	মোট=	৭৬	৩৮০০০	

২। এছাড়া, আশা এনজিও কুড়িগ্রাম হতে ২৭৫ পিস কম্বল পাওয়া গিয়েছে যার ১১০ পিস কম্বল জেলা প্রশাসন কর্তৃক বিতরণ করা হয়েছে।

বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হলোঃ

- ১। বরাদ্দকৃত কম্বল প্রকৃত গরীব ও দুঃস্থ মানুষের মাঝে “মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা, ২০১২-২০১৩” অনুসরণপূর্বক বিতরণ করে প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।
- ২। বিগত ০৩ বছরে কম্বল বরাদ্দপ্রাপ্তির পরিমাণ উল্লেখ করে যথাযথ কর্তৃপক্ষ বরাবরে কম্বলের চাহিদা প্রেরণ করতে হবে।
- ৩। বরাদ্দকৃত কম্বল বিতরণের ক্ষেত্রে ষাটোর্ধ ব্যক্তি ও প্রতিবন্ধীদের অগ্রাধিকার দিতে হবে।

পরিশেষে, সভাপতি আসন্ন শীত মৌসুমে শীতার্ভ মানুষের পাশে দাঁড়ানোর আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোহাম্মদ সাইদুল আরীফ)
জেলা প্রশাসক


ও
সভাপতি, জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি
কুড়িগ্রাম।

ফোন- ০২৫৮৯৯৫০০২২ (অঃ)

ই-মেইল dckurigram@mopa.gov.bd

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
- ৫। মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৬। পুলিশ সুপার, কুড়িগ্রাম।
- ৭। সিভিল সার্জন, কুড়িগ্রাম।
- ৮। মেয়র, কুড়িগ্রাম/নাগেশ্বরী/উলিপুর পৌরসভা, কুড়িগ্রাম।
- ৯।কুড়িগ্রাম।
- ১০। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল),..... কুড়িগ্রাম।
- ১১। উপজেলা নির্বাহী অফিসার (সকল),..... কুড়িগ্রাম।
- ১২। সহকারী কমিশনার, আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম (তাকে বর্ণিত কার্যবিবরণী ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
- ১৩। জেলা তথ্য অফিসার, কুড়িগ্রাম।
- ১৪। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (সকল).....কুড়িগ্রাম।
- ১৫।কুড়িগ্রাম।
- ১৬। অফিস নথি।


26.12.2022

(মোঃ আব্দুল হাই সরকার)

জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা

ও

সদস্য সচিব

জেলা মানবিক সহায়তা ও দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি
কুড়িগ্রাম।

ফোন নং- ০৫৮১-৬১৬৩০

ই-মেইল drro.kurigram@gmail.com